কালের কণ্ঠ

তারিখ 2 0 APR 2016
পৃষ্ঠা ১৮ কলাম ৫

দুই পরীক্ষার্থীর মৃত্যু

# না.গঞ্জে কলেজ শিক্ষার্থীদের বিক্ষোভ

নারায়ণগঞ্জ প্রতিনিধি ▷

শাহ সিমেন্টের কাভার্ড ভ্যানের চাপায় নারায়ণগঞ্জ কমার্স কলেজের দুই এইচএসসি পরীক্ষার্থী নিহতের ঘটনায় গতকাল বুধবার বিক্ষোভ মিছিল, মানববন্ধন ও সড়ক অবরোধ করে সহপাঠীরা। প্রত্যক্ষদর্শীরা জানায়, নারায়ণগঞ্জ কমার্স কলেজের শিক্ষার্থীরা গতকাল সকালে জেলা শহরের চাষাঢ়া গোলচত্বরে বিক্ষোভ মিছিল বের করে। এ সময় বিক্ষুব্ধরা শাহ সিমেন্টের একটি কাভার্ড ভ্যান ভাঙচুর করে তাতে আগুন দেওয়ার চেষ্টা চালায়। তবে পুলিশের বাধায় ভ্যানটিতে আগুন দিতে পারেনি শিক্ষার্থীরা। পরে তারা বিক্ষোভ মিছিল নিয়ে ঢাকা-নারায়ণগঞ্জ লিংক রোডের এবিসি স্কুলের সামনে অবস্থান নেয়। সেখানে তারা দুই সহপাঠীর মৃত্যুর ঘটনায় দোষীদের বিচারের দাবিতে মানববন্ধন করে। একপর্যায়ে তারা সড়কটি প্রায় আধাঘণ্টা অবরোধ করে রাখে। এ সময় সড়কের পাশে পার্কিং করা প্রাইভেট কার ভাঙচুরের চেষ্টা চালায় বিক্ষুব্ধরা। খবর পেয়ে অতিরিক্ত পুলিশ ঘটনাস্থলে এলে তারা রাস্তা থেকে সরে যায়। প্রসঙ্গত, ঢাকা-নারায়ণগঞ্জ পুরাতন সড়কের মাসদাইর পুলিশ লাইন এলাকায় গত মঙ্গলবার দুপুরে সড়ক দুর্ঘটনায় নিহত হয় মোটরসাইকেল আরোহী আরাফাত হোসেন ও নাদিম সিয়াম। তারা নারায়ণগঞ্জ কমার্স কলেজ থেকে এবারের এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছিল। এদিকে ফতুল্লার মডেল থানার পরিদর্শক (তদন্ত) আবদুর রাজ্জাক জানান, পুলিশ ঘাতক কাভার্ড ভ্যানের চালক আলী আকবর সোহেলকে গ্রেপ্তার করেছে।